## মঞ্জুরি নং-৫৬

# ১৫৯ - সেতু বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ৯,৭৫,০০ | ১১,২২,০০ | ১২,৩৪,০০ |
| উন্নয়ন ব্যয় | ৬০১২,২৫,০০ | ৬৩১১,৮৮,০০ | ৬৬২৬,৯২,০০ |
| **মোট** | **৬০২২,০০,০০** | **৬৩২৩,১০,০০** | **৬৬৩৯,২৬,০০** |
| | | | |
| আবর্তক | ৬৪৮,৫২,০০ | ২৫৯,৯৪,৪২ | ১৫৫,৪২,৬৫ |
| মূলধন | ৫৩৭৩,৪৮,০০ | ৬০৬৩,১৫,৫৮ | ৬৪৮৩,৮৩,৩৫ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৬০২২,০০,০০** | **৬৩২৩,১০,০০** | **৬৬৩৯,২৬,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মাধ্যমে সমন্বিত পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণপূর্বক দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, দ্বিতল সড়ক, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাবওয়ে, কজওয়ে, লিংক রোড ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

১.২.২ সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়;

১.২.৩ সেতু, টানেল ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;

১.২.৪ বৃহৎ সেতু এবং অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা;

১.২.৫ বৃহৎ সেতু, সাবওয়ে ও টানেল নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা | পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, যমুনা সেতু, মুক্তারপুর সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ২. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি | • কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ<br>• পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ<br>• কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা হতে করিমগঞ্জ উপজেলার মরিচখালী পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ● মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ | |
| ৩. শহরাঞ্চলে যানজট হ্রাসকরণে সহায়তা | ● সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প বাস্তবায়ন<br>● ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে বাস্তবায়ন | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীন ক্লাইমেট ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। এতে তাদের আর্থ-সামাজিক অবস্থার অধিকতর উন্নয়ন ঘটবে, যা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে। পদ্মা সেতুর মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে দেশের অন্যান্য অঞ্চল বিশেষ করে উত্তর-মধ্যাঞ্চলের সংযোগ সৃষ্টি হওয়ায় সার্বিকভাবে জিডিপি প্রবৃদ্ধির হার ১.২৩% বৃদ্ধি পাবে এবং প্রতি বছর ০.৮৪% হারে দারিদ্র্য নিরসন হবে। তাছাড়া কর্ণফুলী টানেল এবং ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের ফলে কর্মসংস্থান সৃষ্টি ছাড়াও জিডিপি প্রবৃদ্ধির হার যথাক্রমে ০.১৬৬% এবং ০.২১৭ % বৃদ্ধি পাবে, যা প্রত্যক্ষভাবে দারিদ্র/দরিদ্রতা নিরসনে সহায়তা করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে নারীরা অগ্রাধিকার পাওয়ার (প্রশিক্ষণ প্রদান, পরিকল্পনা গ্রহণ থেকে বাস্তবায়ন চলাকালীন বিভিন্ন কমিটিতে নারীদের অন্তর্ভুক্তির মাধ্যমে তাদের অধিকার প্রতিষ্ঠা করা প্রভৃতি) ফলে তারা সামাজিক ও আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। সেতু বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন পর্যায়ে নারীর অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এছাড়াও, পদ্মা সেতু, যমুনা সেতু, মুক্তারপুর সেতু এবং কর্ণফুলী টানেলের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে।

**গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণের সময় গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর গুরুত্ব প্রদান করা হয়। পদ্মা সেতু এলাকার একটি অংশকে 'পদ্মা সেতু বন্যপ্রাণী অভয়ারণ্য' হিসেবে ঘোষণা করা হয়েছে। এছাড়া, প্রকল্প বাস্তবায়নের সময় এবং পরবর্তী সময়ে প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ এবং ল্যান্ডস্কেপিং করা হয়। প্রকল্প চলাকালীন সময়ে পরিবেশ দূষণের পরিমাণ কমানোর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ নিয়মিত মনিটরিং করা হয়।

### ৩.১.২ পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সার্বিকভাবে দেশের পল্লী অঞ্চল ও শহর অঞ্চলে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়ছে। এর ফলে দেশের অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি পাচ্ছে, দেশের দরিদ্র জনগোষ্ঠীর উৎপাদিত পণ্য বিপণন সহজতর হচ্ছে, ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। সর্বোপরি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে, যা দারিদ্র্য দূরীকরণে এবং জীবনযাত্রার মান উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করছে। পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির ফলে দুর্ঘটনা হ্রাস পাচ্ছে। মানুষের পারিবারিক জীবন নিরাপদ হচ্ছে। বিশেষতঃ দুর্ঘটনায় পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি মারা গেলে সে পরিবার আকস্মিক দারিদ্র্যের শিকার হয়। নিরাপদ সড়ক নিশ্চিত হওয়ায় দুর্ঘটনা হ্রাস পাচ্ছে, ফলে দারিদ্র্য/দরিদ্রতা হ্রাস পাচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** গ্রামের নারীদের উৎপাদিত পণ্য বিপণন ও বাজারজাতকরণ সহজতর হয়। পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির ফলে নারীদের চলাচল নিরাপদ, সহজতর ও দ্রুততর হওয়ায় নারীদের ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে।

**গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি পাওয়ায় যেমন যাতায়াত ও পণ্য পরিবহন দ্রুত এবং সহজতর হচ্ছে, তেমনি পূর্বের তুলনায় জ্বালানির ব্যবহারও হ্রাস পাচ্ছে। ফলে পরিবেশ দূষণ হ্রাস পাচ্ছে এবং জলবায়ুর অভিযোজনে সহায়ক হচ্ছে।

### ৩.১.৩ বড় বড় শহরে যানজট হ্রাসকরণে সহায়তা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ঢাকা মহানগরীসহ অন্যান্য বিভাগীয় শহরে জীবন যাত্রায় ভিন্ন মাত্রা যোগ হবে এবং পরিবেশের উন্নয়ন হবে। এতে মহানগরবাসীর কর্মঘন্টা সাশ্রয় হবে। সাশ্রয়কৃত কর্মঘন্টা দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যবহার করা যাবে। এতে দারিদ্র্য বিমোচনে ইতিবাচক প্রভাব ফেলবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারীরা সহজে ও নিরাপদে কর্মক্ষেত্রে ও প্রত্যাশিত স্থানে দ্রুততম সময়ের মধ্যে যাতায়াত করতে পারবে। নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

**গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বড় বড় শহরে যানজট হ্রাসকরণের লক্ষ্যে বৃহৎ অবকাঠামো নির্মাণের সময় পরিবেশের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। বিশেষত সেসব প্রকল্প এলাকার ধুলোবালি দূরকরণের জন্য নিয়মিত ওয়াটার স্প্রে করা হয়। এছাড়া, প্রকল্প বাস্তবায়নের সময় এবং পরবর্তী সময়ে প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ এবং ল্যান্ডস্কেপিং করা হয় যা গ্রীন ক্লাইমেট নিশ্চিতকরণে সহায়তা করে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ৫৬৬৩,৩৯,১৬ | ৬৩৬২,৭০,৫০ | ৬৩৬২,৭০,৫০ |
| নারী উন্নয়ন | ২০২৫,৩১,৪৯ | ১৯৫৫,৯৫,১২ | ১৯৫৫,৯৫,১২ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. বৃহৎ সেতু, টানেল ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও সম্প্রসারণ**<br>বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও সম্প্রসারণের অংশ হিসেবে সড়ক যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর ১.৬৯ কি.মি. দীর্ঘ সেতু এবং মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর ১.৮৫ কি.মি. দীর্ঘ সেতু বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু, শরীয়তপুর-চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু এবং ২য় মুক্তারপুর সেতু নির্মাণের লক্ষ্যে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | • সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা |
| **২. এলিভেটেড এক্সপ্রেসওয়ে/দোতলা রাস্তা ও সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণ**<br>হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালি পর্যন্ত পিপিপি'র আওতায় র‍্যাম্পসহ মোট ৪৬.৭৩ কি.মি. দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আশুলিয়া হয়ে ইপিজেড পর্যন্ত ২৪ কি.মি. দীর্ঘ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত ৯.০৬ কি.মি. দোতলা রাস্তা নির্মাণ, কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা সদর হতে করিমগঞ্জ উপজেলার মরিচখালি পর্যন্ত ১৫.৩১ কি.মি. উড়াল সড়ক নির্মাণ এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ৩৯.২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা-ইস্ট ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি ভিত্তিতে নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | • শহরাঞ্চলে যানজট হ্রাসকরণে সহায়তা |

| অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **৩. সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও অন্যান্য স্থাপনাসমূহ রক্ষণাবেক্ষণ, মেরামত ও আধুনিকায়নের মাধ্যমে পরিবহন ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা**<br>পদ্মা সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে টোল অপারেটরের সঙ্গে ৬৯২ কোটি ৯২ লক্ষ টাকা, যমুনা সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে টোল অপারেটরের সঙ্গে ১৭২ কোটি ৬১ লক্ষ টাকা, কর্নফুলী টানেলের পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে ৯৮৩ কোটি ৮২ লক্ষ টাকা এবং মুক্তারপুর সেতু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে ২২ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে সম্পাদিত ৫ বছর মেয়াদি চুক্তি অনুযায়ী কার্যক্রম চলমান আছে। | • পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি |
| **৪. সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ের এপ্রোচ রোড নির্মাণ ও রক্ষণাবেক্ষণ**<br>চলমান প্রকল্পসমূহের আওতায় ৩০.১০ কি.মি. সংযোগ সড়ক নির্মাণ/প্রশস্তকরণ এর কার্যক্রম চলমান/প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য, পদ্মা সেতুর আওতায় ১২.১১ কি.মি. সংযোগ সড়ক, যমুনা সেতুর আওতায় ৩১.৬৬ কি.মি. সংযোগ সড়ক, কর্ণফুলী টানেলের আওতায় ৫.৩৫ কি.মি. সংযোগ সড়ক এবং মুক্তারপুর সেতুর আওতায় ০.৬৩ কি.মি. সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে, যা নিয়মিত রক্ষণাবেক্ষণের মাধ্যমে চলাচল উপযোগী রাখা হচ্ছে। | • সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা |
| **৫. বৃহৎ সেতু ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন**<br>সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের আওতায় ২৯.৭৮ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন এবং ৮১০৬ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতায় ৯৬.৩৫৫১ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন এবং ২০২৮ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণে ১৮.৫৪১ একর ভূমি এবং পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের আওতায় ৪১.১৪২৫ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে এবং ৬৫৭ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। | • সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয় | ৭৩১৮,১০,০০ | ৫৮৫৪,১৭,৩০ | ৬০২২,০০,০০ | ৬৩২৩,১০,০০ | ৬৬৩৯,২৬,০০ |
| **সর্বমোট :** | **৭৩১৮,১০,০০** | **৫৮৫৪,১৭,৩০** | **৬০২২,০০,০০** | **৬৩২৩,১০,০০** | **৬৬৩৯,২৬,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | আবর্তক ব্যয় | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৩,৬৫,০৫ | ২,৬১,৫০ | ৪,১১,০০ | ৪,৬৮,০০ | ৫,১৬,০০ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৭৪,৫০ | ৬৫,৫০ | ৭০,৫০ | ৮৫,০০ | ১,০০,০০ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৫০ | ৫০ | ৫৫ | ২,০০ | ৩,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৩৫,০০ | ৩৫,০০ | ৪৫,০০ | ৫৫,০০ | ৬০,০০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১৮,০০ | ১৮,০০ | ১৮,০০ | ২৪,০০ | ২৫,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৫৭,০০ | ২২,০০ | ২৪,২০ | ৬২,০০ | ৬৪,০০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ২,০০ | ১,০০ | ০ | ০ | ০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ২৫,০০ | ২৭,০০ | ২৯,০০ | ৩৫,০০ | ৪০,০০ |
| ৩২৫৬ | সামগ্রী সাধারণ সরবরাহ ও কাঁচামাল | ৩,০০ | ২,৫০ | ৪,০০ | ৫,০০ | ৬,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৩৯,৯৫ | ৩৩,৩০ | ৩৬,৫৫ | ৪৭,০০ | ৫২,০০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৭৭,০০ | ৬৭,০০ | ৭৩,৭০ | ৮৮,০০ | ১,০২,০০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ৮৫৬,৬৯,০০ | ৬২৯,৪৭,০০ | ৬৪১,১৩,০০ | ২৫১,২৩,৪২ | ১৪৫,৭৪,৬৫ |
| ৩৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ২৬,৫০ | ০ | ০ |
| | আবর্তক ব্যয় -মোট : | **৮৬৩,৬৬,০০** | **৬৩৪,৮০,৩০** | **৬৪৮,৫২,০০** | **২৫৯,৯৪,৪২** | **১৫৫,৪২,৬৫** |
| | মূলধন ব্যয় | | | | | |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২,৩০,০০ | ৩০,০০ | ২,৩৬,০০ | ২,৫১,০০ | ২,৬৬,০০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ৫৬৩২,১৩,০০ | ৫০৯৯,০৭,০০ | ৪৩৩৬,২৮,০০ | ৪০৩৭,৯৫,৫৮ | ২৭২৮,৩৭,৫১ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৮২০,০১,০০ | ১২০,০০,০০ | ১০৩৪,৮৪,০০ | ২০২২,৬৯,০০ | ৩৭৫২,৭৯,৮৪ |
| | মূলধন ব্যয় -মোট : | **৬৪৫৪,৪৪,০০** | **৫২১৯,৩৭,০০** | **৫৩৭৩,৪৮,০০** | **৬০৬৩,১৫,৫৮** | **৬৪৮৩,৮৩,৩৫** |
| | : সর্বমোট | **৭৩১৮,১০,০০** | **৫৮৫৪,১৭,৩০** | **৬০২২,০০,০০** | **৬৩২৩,১০,০০** | **৬৬৩৯,২৬,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | **প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. সেতু, টানেল, এলিভেটেড নেটওয়ার্ক সম্প্রসারণ ও মেরামত | ১ | সম্প্রসারণ/বৃদ্ধির হার % | ২৫ | ২৮.৮৪ | ৩৫ | ২৮.৮৪ | ৪১.৯৫ | ৬০.৩১ | ১০০ |
| ২. সেতু বা টানেল এর সংযোগ সড়ক সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ | ৩ | সম্প্রসারণ/বৃদ্ধির হার % | ১০ | ১২ | ১৭ | ১২ | ৩৭ | ৩৮ | ৫০ |
| ৩. টোল ব্যবস্থাপনার আধুনিকায়ন | ২ | ETC লেন বাস্তবায়নের হার % | ২০ | ২৫ | ৩৭ | ২৫ | ৫০ | ৭৫ | ৮০ |
| ৪. যানজন নিরসন | ১ | পারাপারকারী যানবাহন সংখ্যা বৃদ্ধির হার % | ৪০ | ৪৩.৬৭ | ৫০ | ৫০ | ৫৮.৪০ | ৬৬.৩৩ | ৭৪.৬৪ |

* ভিত্তি বছর (২০২২-২৩) এবং সম্প্রসারণ/বৃদ্ধির হার ক্রমপুঞ্জিত

* সেতু বিভাগের আওতায় সেতু, টানেল ও এলিভেটেড এর দৈর্ঘ্য (২০২২-২৩) পর্যন্ত: ১৬.২৭ কিলোমিটার

**[ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের ২১.৮১ কিলোমিটার এবং কর্ণফুলী টানেলের ৩.৩৫ কিলোমিটার নির্মাণ সম্পন্নের ফলে ২০২৩-২৪ পর্যন্ত ৪১.৪৩ কিলোমিটার বাস্তবায়িত]

* সেতু বিভাগের আওতায় সেতু ও টানেল এর সংযোগ সড়কের দৈর্ঘ্য (২০২২-২৩) পর্যন্ত: ৪৪.৪০ কিলোমিটার

**[কর্ণফুলী টানেলের ৫.৩৫ কিলোমিটার সংযোগ সড়ক নির্মাণের ফলে ২০২৩-২৪ পর্যন্ত ৪৯.৭৫ কিলোমিটার সংযোগ সড়ক বাস্তবায়িত]

* সেতু বিভাগের আওতাধীন স্থাপনাওসমূহে চালুকৃত মোট ETC টোল লেন এর সংখ্যা (২০২২-২৩) পর্যন্ত: ১৬টি

* সেতু বিভাগের আওতাধীন স্থাপনাসমূহ ব্যবহার করে যানবাহন পারাপারকারী সংখ্যা (২০২২-২৩): ১ কোটি ৪০ লক্ষ ০৮ হাজার

[২০২৩-২৪ অর্থ বছরে যান চলাচলের জন্য টানেল উন্মুক্ত করা হয়]

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

## ৬.১ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

### ৬.১.১ সাম্প্রতিক অর্জন:

- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ফার্মগেট পর্যন্ত ১১.৫০ কি.মি. দীর্ঘ অংশ ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ এবং পরবর্তীতে বাংলাদেশ চলচিত্র উন্নয়ন কর্পোরেশন গেইট পর্যন্ত র‍্যাম্পসহ মোট ২১.৮১ কি.মি. দীর্ঘ এলিভেটেড অংশ যান চলাচলের জন্য উন্মুক্তকরণ;
- কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত বহুলেন সড়ক টানেল ২৯ অক্টোবর ২০২৩ তারিখ হতে যান চলাচলের জন্য উন্মুক্তকরণ;
- উদ্বোধনের পর হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পদ্মা সেতু হতে ২০৫৯ কোটি ৫৬ লক্ষ টাকা, যমুনা সেতু হতে ৮৯০২ কোটি ৪৮ লক্ষ টাকা এবং কর্ণফুলী টানেল হতে ৪৪ কোটি ৭৫ লক্ষ টাকা টোল আদায়;
- ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষ্যে ২৮ মার্চ ২০২৫ তারিখে যমুনা সেতু হতে একদিনে সর্বোচ্চ ৩ কোটি ৩৮ লক্ষ টাকা এবং ২৫ মার্চ ২০২৫ থেকে ০৫ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত ১২ দিনে পদ্মা সেতু হতে ৩৮কোটি ১৩ লক্ষ টাকা টোল আদায়; এবং
- অর্থ বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী পদ্মা সেতু নির্মাণের জন্য গৃহীত ঋণের ১১ কিস্তি বাবদ ১৭৩৪ কোটি ২২ লক্ষ টাকা পরিশোধ।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, যমুনা সেতু, মুক্তারপুর সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম | যানবাহন চলাচল উপযোগী সেতু/টানেল | ১ | পারাপারকারী যানবাহন সংখ্যা (লক্ষ) | ১৮৮.১৩ | ২০১.১৫ | ২১১.২১ | ২১১.২১ | ২২১.৭৬ | ২৩২.৮৬ | ২৪৪.৫০ |
| ২. ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | এক্সপ্রেসওয়ের সমাপ্ত অংশ | ৩ | কি.মি. সমতুল্য (ক্রমপুঞ্জিভূত) | ৬ | ৬ | ১৪ | ১৩.২ | ১৯.২ | ২৪ | - |
| ৩. সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প | প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রম | ৩ | % (ক্রমপুঞ্জিভূত অগ্রগতি) | ১০০ | ৯৬.২০ | - | ৯৮ | ১০০ | - | - |
| ৪. কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ | সেতুর সমাপ্ত অংশ | ২ | কি.মি. সমতুল্য (ক্রমপুঞ্জিভূত) | ০.৬ | - | ১.২০ | ০.৭ | ১.০০ | ১.৬৯ | - |
| ৫. পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ | সমাপ্ত অংশ | ২ | কি.মি. সমতুল্য (ক্রমপুঞ্জিভূত) | - | - | ১৭ | ১৪.১১ | ১৯.৮৭ | - | - |
| ৬. কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা হতে করিমগঞ্জ উপজেলা পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ | উড়াল সড়কের সমাপ্ত অংশ | ২ | কি.মি. সমতুল্য (ক্রমপুঞ্জিভূত) | - | - | - | - | ১.৫ | ৬.৭৫ | ১৫.৩১ |
| ৭. মতলব উত্তর-গজারিয়া সড়ক মেঘনা ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ | সমাপ্ত অংশ | ২ | কি.মি. সমতুল্য (ক্রমপুঞ্জিভূত) | - | - | - | - | - | - | ০.৫ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৫৯০১০১ - সচিবালয় | | ৩,০১,৪২ | ৯,২৭,০০ | ৫,৬৩,৩০ | ৯,৭৫,০০ | ১১,২২,০০ | ১২,৩৪,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩,০১,৪২** | **৯,২৭,০০** | **৫,৬৩,৩০** | **৯,৭৫,০০** | **১১,২২,০০** | **১২,৩৪,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩,০১,৪২** | **৯,২৭,০০** | **৫,৬৩,৩০** | **৯,৭৫,০০** | **১১,২২,০০** | **১২,৩৪,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৫৯ - সেতু বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৭ | ০ | ৫১০,০১,০০ | ০ | ৬৩৪,৮৪,০০ | ১৫১০,৬৯,০০ | ৩৩২৭,৩২,০০ |
| ২২৪১০৪৬০০ - *সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট (০১/০৭/২০১১ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৩ | ২১৯,৩৯,০০ | ৩১৫,৩৯,০০ | ১১৬,০৩,০০ | ১৫৭,৩৪,০০ | ৩৮,৮৮,০০ | ০ |
| ২২৪১১৩৮০০ - ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৯/২০১৭ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৮ | ৩২৮৪,৯৭,৬৫ | ৩৭৯৬,৮৮,০০ | ৩৬৬২,৬৭,০০ | ৩৩৪১,৮৯,০০ | ৯৩০,০০,০০ | ৬৬৮,৩৬,০০ |
| ২২৪৩১০৩০০ - কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কের ১৭ তম কিলোমিটারে (জেড ৮০৫২) পায়রা নদীর উপর সেতু নির্মাণ (০১/০৩/২০২০-৩১/১২/২০২৫) অনুমোদিত | ২ | ২৫,০০,০০ | ১৬০,০০,০০ | ১০৭,৭৭,০০ | ১২৫,০০,০০ | ৩০০,০০,০০ | ১১৬,৯৩,০০ |
| ২২৪৩৩৩৪০০ - পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) (০১/০১/২০২১ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | | ৩৩৮,৫৩,৭৭ | ৮৭৯,৯৮,০০ | ৭৫৭,২৮,০০ | ৮৩৫,৯৫,০০ | ০ | ০ |
| ২২৪৩৭১৯০০ - কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা সদর হতে করিমগঞ্জ উপজেলার মরিচখালি পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ (০১/০৩/২০২৩ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত। | ৫ | ০ | ১০০৩,২০,০০ | ৯৭০,৭৪,০০ | ২৫৪,১৩,০০ | ২৪০৩,২১,০০ | ১৬০২,১৪,০০ |
| ২২৪৩৮৮৮০০ - মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ (০১/০১/২০২৪-৩১/১২/২০২৮) অনুমোদিত | ৭ | ০ | ৬৪৩,৩৭,০০ | ২৩৪,০৫,০০ | ৬৬৩,১০,০০ | ১১২৯,১০,০০ | ৯১২,১৭,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩৮৬৭,৯০,৪২** | **৭৩০৮,৮৩,০০** | **৫৮৪৮,৫৪,০০** | **৬০১২,২৫,০০** | **৬৩১১,৮৮,০০** | **৬৬২৬,৯২,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩৮৬৭,৯০,৪২** | **৭৩০৮,৮৩,০০** | **৫৮৪৮,৫৪,০০** | **৬০১২,২৫,০০** | **৬৩১১,৮৮,০০** | **৬৬২৬,৯২,০০** |
| মোট : | | **৩৮৭০,৯১,৮৪** | **৭৩১৮,১০,০০** | **৫৮৫৪,১৭,৩০** | **৬০২২,০০,০০** | **৬৩২৩,১০,০০** | **৬৬৩৯,২৬,০০** |